

ত্রিপুরা সরকার
সংখ্যালঘু কল্যাণ দপ্তর
আগরতলা, পশ্চিম ত্রিপুরা

One Time Financial Support (2nd Installment for the Academic Year 2023-24) - সম্পর্কিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংখ্যালঘু জাতি ভুক্ত অ-উপজাতি খ্রিস্টান, অ-উপজাতি বৌদ্ধ, মুসলিম, শিখ, জৈন ছাত্র/ছাত্রীদের জানানো যাইতেছে যে রাজ্য সরকারের ঘোষিত প্রকল্প অনুযায়ী ত্রিপুরায় স্থায়ীভাবে বসবাসকারী আর্থিকভাবে দুর্বল সংখ্যালঘু জাতি ভুক্ত ছাত্র/ছাত্রীদের সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন পেশাগত পাঠ্যক্রমে পড়াশুনা করার জন্য যে সকল ছাত্র/ছাত্রী কমপক্ষে ২ (দুই) বছরের পাঠ্যক্রমের জন্য সরকার অনুমোদিত রাজ্যের এবং রাজ্যের বাইরে যেকোন শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৩ - ২৪ সালে প্রথম বর্ষে ভর্তি হয়ে শর্ত সাপেক্ষে সংখ্যালঘু কল্যাণ দপ্তর থেকে এককালীন আর্থিক সহায়তা (**One Time Financial Support**) ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পাওয়ার জন্য নির্বাচিত হয়ে প্রথম কিস্তির ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা ইতিমধ্যে সরাসরি ব্যাংক একাউন্টের মাধ্যমে পেয়ে গেছেন তাদের দ্বিতীয় কিস্তির ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পাওয়ার জন্য বর্ধিত সময়সীমা আগামী ১১/০৩/২০২৫ হইতে ১৩/০৩/২০২৫ ইং তারিখের মধ্যে নিম্নোক্ত তথ্যাদির প্রত্যায়িত নকল সহ আবেদন পত্র সংখ্যালঘু কল্যাণ দপ্তরে জমা দিতে হবে।

(1) নির্দিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রথম বর্ষের উত্তীর্ণের প্রমানপত্র (pass Certificate of 1st year course i.e. 1st & 2nd Semester Mark-sheet or Admit card of 2nd Semester) এবং দ্বিতীয় বর্ষের ভর্তির নিদর্শন (original Bonafide & Fees structure) (2) Ration Card (3) Aadhaar Card (4) Xerox copy of Bank statement .

উক্ত বর্ধিত সময়সীমার পর কোনো আবেদন পত্র জমা রাখা হবে না এবং এর জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না। বিস্তারিত বিবরণের জন্য সংখ্যালঘু কল্যাণ দপ্তর, আগরতলা, পশ্চিম ত্রিপুরা যোগাযোগ করতে পারেন অথবা সংখ্যালঘু কল্যাণ দপ্তরের ওয়েবসাইট (minoritieswelfare.tripura.gov.in) এ বিস্তারিত দেখা যেতে পারে।

দূরভাষ :- ০৩৮১ - ২৩০০০৮৩

অধিকর্তা

সংখ্যালঘু কল্যাণ দপ্তর
ত্রিপুরা সরকার